



এম আর টি লাইন-৬ এর রুট



মেট্রোরেল স্টেশন (প্রক্ষেপিত)



মেট্রোরেল প্ল্যাটফর্ম (প্রক্ষেপিত)



মেট্রোরেলের ইলেকট্রনিক টিকেট গেইট (প্রক্ষেপিত)



এক নজরে
ম্যাস র্যাপিড ট্রানজিট (মেট্রোরেল)
(লাইন-৬)



ভিত্তি প্রস্তর স্থাপন : মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তারিখ : ৩১ অক্টোবর ২০১৩

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটি সিএল)
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
৯ ফেব্রুয়ারি ২০১৫

ঢাকা মহানগরে বর্তমানে জনসংখ্যা প্রায় ১ কোটি ৪৫ লক্ষ যা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। বিশাল এই জনগোষ্ঠীর যাতায়াতের জন্য মানসম্মত গণপরিবহন প্রয়োজন। বর্তমানে ঢাকা মহানগরীতে কার্যকর গণপরিবহন না থাকায় ব্যক্তিগত যানের সংখ্যা প্রতিনিয়ত বাড়ছে। ফলে ভয়াবহ যানজটের সৃষ্টি হচ্ছে যা দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডকে বাধাগ্রস্ত করেছে এবং পরিবেশ দূষিত হচ্ছে।

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ ঢাকা মহানগরী ও এর পার্শ্ববর্তী এলাকার পরিবহন ব্যবস্থাকে সুষ্ঠু, পরিকল্পিত, সমন্বিত ও আধুনিকায়নের লক্ষ্যে ২০ বছর মেয়াদী কৌশলগত পরিবহন পরিকল্পনা (Strategic Transport Plan) বা STP গ্রহণ করেছে। এই পরিবহন পরিকল্পনার আওতায় ৩টি রেল ভিত্তিক এবং ৩টি বাস ভিত্তিক গণপরিবহন রুটের সুপারিশ করা হয়। বর্তমান চাহিদার প্রেক্ষাপটে STP হাল নাগাদ করা হচ্ছে। উক্ত STP-এর সুপারিশের প্রেক্ষিতে বাংলাদেশ সরকারের অনুরোধে Japan International Cooperation Agency (JICA) বিগত ২০০৯-২০১০ সালে ঢাকা শহরে একটি প্রাথমিক সমীক্ষা কার্যক্রম পরিচালনা করে। সমীক্ষায় মেট্রো লাইন-৬ অগ্রাধিকার প্রকল্প হিসেবে সুপারিশ করা হয়। উক্ত সুপারিশের আলোকে সরকার এমআরটি লাইন-৬ বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করে। এমআরটি লাইন-৬ এর রুট এলাইনমেন্ট হল উত্তরা ৩য় ফেইজ-পল্লবী-রোকেয়া সরণীর পশ্চিম পাশ দিয়ে খামারবাড়ী হয়ে ফার্মগেট-হোটেল সোনারগাঁও-শাহবাগ-টিএসসি-দোয়েল চত্বর-প্রেসক্লাব-বাংলাদেশ ব্যাংক পর্যন্ত।

এমআরটি লাইন-৬ বাস্তবায়নের লক্ষ্যে ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট ১৮ ডিসেম্বর, ২০১২ ECNEC কর্তৃক অনুমোদিত হয় এবং JICA এর সাথে ২০ ফেব্রুয়ারি ২০১৩ ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। Consultancy Services for Design, Construction Supervision, Procurement Support and Management of Works-এর জন্য General Consultant (GC) Nippon Koei, Japan এর নেতৃত্বে NKDM Association-এর সঙ্গে ১৯ নভেম্বর ২০১৩ চুক্তি স্বাক্ষরিত হয়। GC ২৫ ফেব্রুয়ারি ২০১৪ হতে কার্যক্রম শুরু করে এবং ডিসেম্বর ২০১৪ এ Basic Design সম্পন্ন করেছে। প্রকল্পের ডিজাইন প্রণয়নের লক্ষ্যে ইতোমধ্যে Topographic Survey এবং Traffic Survey এর কাজ সম্পন্ন হয়েছে। Geotechnical Survey, Right of Way (ROW) Survey, Utility Survey-সহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। আশা করা যাচ্ছে যে, আগামি জুলাই ২০১৫ এ MRT Line-6 এর ডিটেইল ডিজাইন এর কাজ শেষ হবে। উল্লেখ্য যে, ডিপো নির্মাণের জন্য ২২ হেক্টর (৫৪.৩৪ একর) ভূমি রাজউক হতে বরাদ্দ পাওয়া গেছে। ইতোমধ্যে Institutional Development Consultancy (IDC) সেবা কার্যক্রমের জন্য পরামর্শক প্রতিষ্ঠান

Oriental Consultant, Japan এর নেতৃত্বে গঠিত JV. এর সাথে ৭ জুলাই ২০১৪ এবং Resettlement Assistant Consultant (RAC) পরামর্শক প্রতিষ্ঠান CCDB এর সাথে ১০ ডিসেম্বর ২০১৪ এ ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল) এর চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ দুটি প্রতিষ্ঠান তাদের কার্যক্রম শুরু করেছে। মেট্রোরেল পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও নির্মাণের জন্য ইতোমধ্যে শতভাগ সরকারি মালিকানাধীন ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল) গঠন করা হয়েছে। মহান জাতীয় সংসদে ২৬ জানুয়ারি ২০১৫ 'মেট্রোরেল বিল ২০১৫' পাশ হয়েছে। প্রকল্পের ৮টি Contract Package (CP) এর মধ্যে Rolling Stock এবং Depot Equipment সংগ্রহের লক্ষ্যে CP-08 এর জন্য ৩০ জানুয়ারি ২০১৫ PQ আহ্বান করা হয়েছে।

এমআরটি লাইন-৬ হবে বাংলাদেশে প্রথম দ্রুতগতি ও উচ্চ ক্ষমতাসম্পন্ন গণপরিবহন ব্যবস্থা যা প্রতি ঘন্টায় উভয় দিকে ৬০ হাজার যাত্রী পরিবহনে সক্ষম হবে। মেট্রোরেল নির্মিত হলে ঢাকা শহরের গণপরিবহন ব্যবস্থা উন্নত ও আধুনিক হবে, যানজট অনেকাংশে হ্রাস পাবে, ভ্রমণ হবে নিরাপদ ও সময় সাশ্রয়ী। ফলে দেশের আর্থসামাজিক উন্নয়ন ত্বরান্বিত হবে এবং পরিবেশের ব্যাপক উন্নয়ন সাধিত হবে।



মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভিত্তি প্রস্তর স্থাপন



মেট্রোরেল ডিপো (প্রক্ষেপিত)

প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ

প্রকল্পের নাম	: ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (DMRTDP)
প্রকল্প বাস্তবায়নকারী	: ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (DTCA)
মন্ত্রণালয়ের নাম	: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
প্রকল্প ব্যয়	: ২১,৯৮৫.০৭ কোটি টাকা (প্রকল্প সাহায্য ১৬,৫৯৪.৫৯ কোটি টাকা জিওবি ৫,৩৯০.৪৮ কোটি টাকা)
অর্থায়ন	: বাংলাদেশ সরকার ও Japan International Cooperation Agency (JICA)
মেট্রোরেলের দৈর্ঘ্য	: ২০.১ কিলোমিটার
অবকাঠামোর ধরণ	: এলিভেটেড
রুট এলাইনমেন্ট	: উত্তরা ৩য় ফেইজ-পল্লবী-রোকেয়া সরণীর পশ্চিম পাশ দিয়ে খামারবাড়ী হয়ে ফার্মগেট-হোটেল সোনারগাঁও-শাহবাগ-টিএসসি-দোয়েল চত্বর প্রেসক্লাব-বাংলাদেশ ব্যাংক পর্যন্ত।
স্টেশনের সংখ্যা	: ১৬ টি
স্টেশনের নাম	: উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ পল্লবী, মিরপুর-১১, মিরপুর-১০, কাজীপাড়া, শেওড়াপাড়া, আগারগাঁও, বিজয় সরণী, ফার্মগেট, কারওয়ান বাজার, শাহবাগ, টিএসসি, প্রেসক্লাব এবং মতিঝিল।
যাত্রী পরিবহনের ক্ষমতা	: প্রতি ঘন্টায় উভয় দিকে ৬০ হাজার
যাতায়াতের সময়	: ৩৭ মিনিট (উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত)
ট্রেনের সময়	: ৫ মিনিট (দুইটি ট্রেনের মধ্যে সময়)
মেট্রোরেলের যাত্রা শুরু	: ২০১৯ সাল
প্রকল্পের সময় কাল	: জুলাই ২০১২-জুন ২০২৪
মেট্রোরেল পরিচালনায়	: ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল)